খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **কেডিএ'র নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় ত্রৈ-মাসিক (জানুয়ারি/২০২০-মার্চ/২০২০) এর সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মুকিম সরকার, পিবিজিএম,এনডিসি, পিএসসি, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| তারিখ ও সময় | : | ১৬ ফেব্রুয়ারি/২০২০ বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১। | প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা। | - সদস্য |
| ২। | সচিব, কেডিএ, খুলনা। | - সদস্য |
| ৩। | জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশী, কেডিএ, খুলনা। | - বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪। | জনাব মো: মামুনুল আবেদীন, অডিট অফিসার, কেডিএ, খুলনা। | - সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত কাঠামোর ৩য় ত্রৈ-মাসিক (জানুয়ারি/২০২০-মার্চ/২০২০) এর কার্যক্রমের উপর আলোচনা উপস্থাপন করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

| আলোচ্য সূচী | মন্তব্য/বাস্তবায়ন |
|---|---|
| **আলোচ্য সূচী নং- ০১**<br><br>বিগত ১৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরের ২য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণ এবং ৩য় ত্রৈ-মাসিকের (জানুয়ারি/২০২০-মার্চ/২০২০) শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন ।<br><br>আলোচনাঃ<br><br>সভাপতি বিগত ১৬/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরে ২য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্তঃ**<br><br>বিস্তারিত আলোচনার পর ১৬/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরে ২য় ত্রৈ-মাসিক সভার কার্য বিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ<br>**প্রমাণকঃ**<br>সভার সিদ্ধান্ত, শুদ্ধাচার কার্যক্রম ও সময় সময় কমিটি কর্তৃক চাহিত মোতা বেক তথ্যাদি। |
| **আলোচ্য সূচী নং- ০২ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (কার্যক্রম ১.১-১.২)**<br><br>নৈতিকতা কমিটির সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন<br><br>আলোচনাঃ<br><br>প্রতি ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। কেডিএতে শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য উক্ত সভা অনুষ্ঠান চালু করার বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা জরুরী মর্মে সকলে একমত পোষণ করেন।<br><br>**সিদ্ধান্তঃ**<br><br>বিস্তারিত আলোচনার পর নৈতিকতা কমিটির সভা যথারীতি অনুষ্ঠান এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ |

**আলোচ্য সূচী নং- ০৩ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন (কার্যক্রম ২.১-২.২)**

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

আলোচনাঃ

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে কেডিএ'র সেবা প্রত্যাশিদের ও বিভিন্ন মার্কেটের স্টল/দোকানের বরাদ্দ গ্রহীতাদের নিয়ে সভা করে সভার সিদ্ধান্তসমূহ দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নের মাধ্যমে অসুবিধা দূরীকরণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর সুবিধাভোগী/ সেবা প্রত্যাশিদের সাথে সভা অনুষ্ঠানের অংশ হিসেবে আগামী ২০/০২/২০২০ তারিখের মধ্যে কেডিএ রূপসা মার্কেটের প্রতিনিধিদের সাথে সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হলো।

সিনিয়র বৈষয়িক অফিসার

**আলোচ্য সূচী নং- ০৪ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন (কার্যক্রম ২.৩-২.৪)**

কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।

আলোচনাঃ

কর্তৃপক্ষে কর্মরত জনবলকে প্রশিক্ষণের দ্বারা আরো দক্ষ করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ

কর্তৃপক্ষে কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য ৩য় ত্রৈ-মাসিকে প্রশাসন ও সাধারণ শাখা কর্তৃক চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ এবং নৈতিকতা কমিটি কর্তৃক সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

সহকারী সচিব ও নৈতিকতা কমিটি

**আলোচ্য সূচী নং- ০৫ শুদ্ধাচার প্রতিষ্ঠার সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর বাস্তবায়ন এবং খসড়া প্রণয়ন (কার্যক্রম ৩.১-৩.২)।**

ইমারত নির্মাণ বিধিমালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ ও বেসরকারী আবাসিক প্রকল্পের বিষয়ে উদ্যোক্তা/ পরামর্শক ব্যক্তি বা প্রতিষ্ঠান ও প্রকল্প অনুমোদন প্রক্রিয়া বাস্তবায়ন।

আলোচনাঃ

কেডিএ'র আওতাধীন এলাকার অবৈধ স্থাপনা অপসারণের জন্য এলাকা ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে প্রশাসনের সহায়তার জন্য পত্র প্রেরণ এবং বেসরকারী আবাসিক প্রকল্প নিবন্ধনের জন্য পত্র প্রেরণের বিষয় সভায় আলোচনা হয়। প্রশাসনিক সহায়তা নিয়ে অবৈধ স্থাপনা লক্ষ্যমাত্রা অনুযায়ী উচ্ছেদ করা এবং বেসরকারী আবাসিক প্রকল্পের পক্ষ থেকে সাড়া না পেলে স্থাপিত সাইনবোর্ড অপসারন করতে হবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন ।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর অবৈধ স্থাপনা অপসারণের লক্ষ্যে অবৈধ স্থাপনা চিহ্নিত করে উচ্ছেদের জন্য দিন নির্ধারণ করে প্রশাসনের সহযোগীতা চেয়ে পত্র প্রেরণ এবং বেসরকারী আবাসিক প্রকল্পের উদ্যোক্তাদের উদ্দেশ্যে প্রেরিত পত্রের পরিপ্রেক্ষিতে তাদের পক্ষ থেকে সাড়া না পেলে বেসরকারী আবাসিক প্রকল্প সংশ্লিষ্ট সাইনবোর্ড/ ব্যানার অপসারন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো ।

অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার

**আলোচ্য সূচী নং- ০৬ ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ (৪.১-৪.৫)।**

আলোচনাঃ

কেডিএ'র ওয়েবসাইটে স্থাপিত সেবাবক্স সমূহে যেসব তথ্যাদি সন্নিবেশিত আছে সেগুলি সভাপতি কর্তৃক প্রদর্শনের বিষয়ে সহকারী প্রোগ্রামার (চঃদাঃ) কে নির্দেশ প্রদান করেন এবং এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

| | |
|---|---|
| **সিদ্ধান্তঃ**<br>কেডিএ'র ওয়েবসাইটে স্থাপিত সেবাবক্স সমূহ নিয়মিত হালনাগাদ করে হালনাগাদের অগ্রগতি সভাপতি মহোদয়কে অবহিত ও প্রদর্শন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী প্রোগ্রামার |
| **<u>আলোচ্য সূচী নং- ০৭</u> প্রকল্পের শুদ্ধাচার (৬.১-৬.৪)** | |
| <u>আলোচনাঃ</u><br>প্রকল্পের এডিপি বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনে সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করার আবশ্যক মর্মে সভায় সকলে একমত পোষণ করেন । | |
| <u>সিদ্ধান্তঃ</u><br>বিস্তারিত আলোচনার পর প্রকল্পের পরিদর্শন করে প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন চেয়ারম্যান, কেডিএকে প্রদান করতে হবে এবং নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ |
| **<u>আলোচ্য সূচী নং- ০৮</u> স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করণ (৮.১-৮.৩)** | |
| <u>আলোচনাঃ</u><br>সেবা প্রদান প্রতিশ্রুতি প্রত্যেক শাখায় কিভাবে প্রদান করা হয় তা চেয়ারম্যান মহোদয় পরিদর্শন করবেন মর্মে সভায় আলোচনা করা হয় এবং শাখা পরিদর্শন প্রতিবেদন যথাযথভাবে মন্তব্যসহ বাস্তবায়ন করে প্রতিবেদন প্রস্তুত করতে হবে মর্মেও সভায় আলোচনা করা হয়। | |
| <u>সিদ্ধান্তঃ</u><br>বিস্তারিত আলোচনার পর আগামী বুধবার পূর্ত ও প্রকল্প শাখা এবং পরবর্তীতে পরিকল্পনা ও অথরাইজড শাখা এবং এভাবে অন্যান্য শাখার সেবা প্রদান প্রতিশ্রুতি ও বাস্তবায়ন সভাপতি পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া শাখা পরিদর্শনের সাথে মন্তব্য কলাম পূরণ করে বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ |
| **<u>আলোচ্য সূচী নং- ০৯</u> নথি শ্রেণী বিন্যাস, বিনষ্টকরণ ও গণশুনানী (৮.৪-৮.৫)** | |
| <u>আলোচনাঃ</u><br>সচিবালয় নির্দেশমালা অনুযায়ী আগামী শনিবার বেলা ১২.০০ টার মধ্যে প্রত্যেক শাখার নথি নীচতলায় জমা করে বিনষ্টের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রাতিষ্ঠানিক গণশুনানী যথারীতি করতে হবে মর্মেও সভায় আলোচনা করা হয়। | |
| <u>সিদ্ধান্তঃ</u><br>সচিবালয় নির্দেশমালা-২০০৪ অনুযায়ী নথি শ্রেণী বিন্যাস করে শনিবার (২০/০২/২০২০ শনিবার) বেলা ১২.০০ টায় বিনষ্টের কার্যক্রম গ্রহণ করতে হবে এবং সহকারী টাউন প্ল্যানার জনাব আবু সাঈদ কর্তৃক আয়োজিত গণশুনানী বর্তমান ত্রৈমাসিকে গণশুনানী হিসেবে অন্তর্ভূক্ত করতে হবে এবং ৪র্থ কোয়ার্টারে আর একটি গণশুনানী আয়োজনের প্রস্তুতি গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | সহকারী সচিব / দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ |
| **<u>আলোচ্য সূচী নং- ১০</u> শুদ্ধাচার সংশ্লিষ্ট দূর্নতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** | |
| <u>আলোচনাঃ</u><br>কেডিএ'র প্রবেশ পথে বর্তমানে প্রচলিত ডিজিটাল প্রবেশ পদ্ধতি আধুনিকীকরণ করতে হবে এবং শুদ্ধাচার ও কেডিএ সেবা সংক্রান্ত লিফলেট প্রস্তুত করে One Stop Service centre রাখতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। তাছাড়া কেডিএ কর্মচারী নিবাসের দেওয়ালে "কেডিএ কর্মচারী নিবাস" নামফলক স্থাপন করতে হবে মর্মেও সভায় আলোচনা করা হয়। | |

| সিদ্ধান্তঃ | |
|---|---|
| বিস্তারিত আলোচনার পর কর্মকর্তা/কর্মচারী এবং সেবা প্রত্যাশীগণের জন্য সরবরাহকৃত আর এফ আই ডি কার্ড যাতে স্ব-স্ব ব্যক্তি কর্তৃক ব্যবহৃত হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে। শুদ্ধাচার ও কেডিএ সেবা সংক্রান্ত লিফলেট কেডিএ'র জাতীয় শুদ্ধাচার খাতের অর্থায়নে বিভিন্ন শাখা কর্তৃক প্রস্তুত করে প্রশাসন ও সাধারণ শাখায় প্রেরণ করবে এবং সেগুলি One Stop Service centre এ রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। তাছাড়া কেডিএ কর্মচারী নিবাসের দেওয়ালে "কেডিএ কর্মচারী নিবাস" নামফলক স্থাপন করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী সচিব / সহকারী প্রোগ্রামার/নির্বাহী প্রকৌশলী (রঃবেঃ) নৈতিকতা কমিটি এবং দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.২.২০২০

ব্রিগে: জেনা: মো: আব্দুল মুকিম সরকার
পিবিজিএম, এনডিসি, পিএসসি
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

স্মারক নং-২৫.৪১.০০০০.০০৭.০৬.১৪.২০- ৭৬৬/২৬

তারিখ: ০৬ ফাল্গুন' ১৪২৬ / ১৯ ফেব্রুয়ারি'২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। সচিব, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।
০২। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।
০৩। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।
০৪। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।
০৫। অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা।
০৬। নির্বাহী প্রকৌশলী (র: বে:), কেডিএ, খুলনা।
০৭। সহকারী সচিব, কেডিএ, খুলনা।
০৮। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।
০৯। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।
১০। সহকারী প্রোগ্রামার, কেডিএ, খুলনা।
১১। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।
১২। জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।
১৩। একান্ত সচিব, চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮/02/2020

মো: মামুনুল আবেদীন
অডিট অফিসার,কেডিএ, খুলনা
এবং
সদস্য-সচিব ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

O/C